যুগান্তর

তারিখ 18 JUN 2017
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

জাতীয় বিশ্ববিদ্যালয়

# চলতি বছরে ঢাকায় কলেজ অধ্যক্ষদের শিক্ষা সমাবেশ : ভিসি

**গাজীপুর প্রতিনিধি**

চলতি বছরে ২ হাজার ২০০ কলেজের অধ্যক্ষকে নিয়ে শিক্ষার উন্নয়ন বিষয়ে ঢাকায় শিক্ষা সমাবেশ করা হবে বলে জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯তম বার্ষিক সিনেট অধিবেশনে তিনি সভাপতির বক্তব্যে একথা জানান। বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সিনেট হলে এ অধিবেশন অনুষ্ঠিত হয়। ভিসি ও সিনেটের চেয়ারম্যান ড. হারুন-অর-রশিদ তার বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের সেশনজট নিরসনের ক্ষেত্রে সর্বশেষ অগ্রগতি, প্রথম সমাবর্তন অনুষ্ঠান, ৫০ বছর অগ্রবর্তী মাস্টার প্ল্যান প্রণয়ন, অ্যাডভান্সড মাস্টার্স প্রোগ্রাম সম্প্রসারণ, একাডেমিক ভবনে 'স্বাধীনতা' ম্যুরাল স্থাপন, কলেজ পারফরমেন্স র‌্যাংকিং ইত্যাদি বিষয় তুলে ধরেন। এছাড়া সিইডিপি প্রকল্পের আওতায় কলেজ শিক্ষক, প্রশিক্ষণ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ গবেষণা ইন্সটিটিউট পুনরায় চালু, মডেল কলেজ প্রতিষ্ঠা ইত্যাদি বিষয়েও বিস্তারিত কথা বলেন তিনি। এ সময় তিনি চলতি বছরে ২ হাজার ২০০ কলেজ অধ্যক্ষকে নিয়ে ঢাকায় শিক্ষা সমাবেশের কথা জানান। অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ ২০১৬-১৭ অর্থবছরের জন্য ২৮৯ কোটি ৪০ লাখ ২০ হাজার টাকার সংশোধিত বাজেট পেশ করেন। এছাড়া পেশ করা হয় ২০১৭-১৮ অর্থবছরের জন্য ২৭৪ কোটি ৫২ লাখ ৯৬ হাজার টাকার রাজস্ব ও ১৪৮ কোটি ২৫ লাখ টাকার উন্নয়ন বাজেট। এগুলো অধিবেশনে গৃহীত হয়। অধিবেশনে উপস্থিত ছিলেন— জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, প্রফেসর ড. মশিউর রহমানসহ সিনেটের ৫১ জন সদস্য। বক্তব্য দেন হুইপ মো. শহীদুজ্জামান সরকার, ধীরেন্দ্র দেবনাথ শম্ভু, মো. মোতাহার হোসেন, বেগম হেপী বড়াল, প্রফেসর ড. শরীফ এনামুল কবির, অধ্যাপক ড. খন্দকার বজলুল হকসহ অনেকে।